

# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনসিটিউট (হাইস্কুল)

## বাংলা ভাষা ও সাহিত্য

### অষ্টম শ্রেণি

#### নিজে পড়ো

- পাঠের নামঃ সবুজ জামা
- রচয়িতার নামঃ বীরেন্দ্র চট্টোপাধ্যায় (কবি পরিচিতি, পরিচিত/ পাঠ্যবই থেকে পাঠ্য এবং দৃশ্যশ্রাব্য পঠন অনুসরণীয়)
- উৎসঃ 'সবুজ জামা' কবিতাটি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'উলুখড়ের কবিতা' নামক কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।
- শব্দছকঃ

শব্দ	অর্থ	পদ	ব্যাকরণগত পরিচয়
গাছ	সবুজ বৃক্ষ, উদ্ভিদ	বি	গেছো (পদা)
সবুজ	বর্ণবিশেষ	বি	সবজে (পদা)
জামা	উত্তরীয়, পুরুষের উর্দ্ধবাস	বি	x
প্রজাপতি	ষড়পদী, বর্ণময় পতঙ্গ	বি	প্রাজপত্য (পদা)
টুপ	খসে পড়ার শব্দ	বিণ	ধন্যাত্মক শব্দ

## নমুনা উত্তর

### ১. সঠিক উত্তরটি নির্বাচন করোঃ

১.১. বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা একটি কাব্যগ্রন্থের নাম হল -

- (ক) পাকদণ্ডী (খ) ভিয়েতনাম
- (গ) গীতাঞ্জলি (ঘ) কোনোটিই নয়।

২.২. গাছেরা যে রঙের জামা পরে থাকে, সেটি হল -

- (ক) নীল (খ) হলুদ
- (গ) সবুজ (ঘ) বাদামি।

১.৩. 'তোতাই অ-আ-ক-খ পড়বে না।' - এই পঙ্ক্তিটির পরের পঙ্ক্তিটি হল -

- (ক) 'তার নিজের...' (খ) ইস্কুলে যাবি
- (গ) ইস্কুলে যাবে না (ঘ) কোনোটিই নয়।

১. 'তোতাইয়ের একটি সবুজ জামা চাই।' - তোতাই বাবুর সবুজ জামা চাই কেন? তোতাই সবুজ জামা পরলে কী কী ঘটনা ঘটবে?

**উৎসঃ**- স্বনামধন্য কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায় বিরচিত 'সবুজ জামা' কবিতায় মূলগ্রন্থঃ উলুখড়ের কবিতা ) মানুষের সঙ্গে প্রকৃতির সহজাত বন্ধনকে চিত্রায়িত করেছেন।

. তোতাই জানে গাছেরা সবুজ জামা পরলে তারা খুব আনন্দিত হয়। তাই তোতাইবাবুও সবুজ জামা পরার মধ্য দিয়ে প্রকৃতির সহজ আনন্দে আনন্দিত হতে চায়।

. তোতাই সবুজ জামা পরে নিলে তার ডালে এসে বসবে রঙিন প্রজাপতি, প্রজাপতি যেমন গাছকে বর্ণময় করে তোলে নিজেদের আনন্দ ও নিজেদের রঙ দিয়ে, তেমনভাবে তোতাইবাবুও বর্ণময় হয়ে উঠবে যখন প্রজাপতি আনন্দে এসে তার গায়ে বসবে। তারপর তার কোলের ওপর এক এক করে রঙিন ফুল গড়িয়ে পড়বে, সেই ফুল হবে তার একান্ত নিজের সৃষ্টি।

## নিজে করো

২. কম-বেশি ১৫ শব্দে উত্তর দাও। ( ১×৩=৩ )

২.১. বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

২.২. সবুজ গাছের গায়ে কোন পতঙ্গ এসে বসে?

২.৩. তোতাইবাবুর সবুজ জামা চাই কেন?

৩. কম-বেশি ১৫০ শব্দে উত্তর দাও। ( ৫×১=৫ )

৩.১. 'তাদের জামা তুই গায়ে দিতে চাস কেন?' - কাদের জামা কে গায়ে দিতে চায়? তাদের জামা গায়ে দিলে কী ঘটবে? ( ১+১+৩=৫ )

SRAI